

কল্যাণবরেষু,

তোমাদের পত্র পাইয়া অতিশয় আনন্দিত হইলাম। মজুমদারের লীলা শুনিয়া বড়ই দুঃখিত। গুরুমারা বিদ্যে করতে গেলে ঐ-রকম হয়। আমার অপরাধ বড় নাই। মজুমদার দশ বৎসর আগে এখানে এসেছিল -- বড় খাতির ও সম্মান; এবার আমার পোয়াবারো। গুরুদেবের ইচ্ছা, আমি কি করিব? এতে চটে যাওয়া মজুমদারের ছেলেমানষি। যাক, উপেক্ষিতব্যং তদ্বচনং ভবৎসদৃশানাং মহাত্মনাম্। অপি কীটদংশনভীরুকাঃ বয়ং রামকৃষ্ণতনয়াঃ তদ্বদয়রুধিরপোষিতাঃ? ‘অলোকসামান্যমচিন্ত্যহেতুকং নিন্দন্তি মন্দাশরিতং মহাত্মনাং’ ইত্যাদয়ঃ সংস্মৃত্য ক্ষন্তব্যোহয়ং জালুঃ মজুমদারাখ্যঃ।^১ প্রভুর ইচ্ছা -- এ দেশের লোকের মধ্যে অন্তদৃষ্টি প্রবোধিত হয়। মজুমদার-ফজুমদারের কর্ম তাঁর গতি রোধ করে? আমার নামের আবশ্যিক নাই -- I want to be a voice without a form।^২ হরমোহন প্রভৃতি কাহারও আমাকে সমর্থন করিবার আবশ্যিক নাই -- কোহহং তৎপাদপ্রসরং প্রতিরোদ্ধ্বং সমর্থয়িতুং বা, কে বান্যে হরমোহনাদয়ঃ? তথাপি মম হৃদয়কৃতজ্ঞতা তান্ প্রতি। ‘যস্মিন্ স্থিতো ন দুঃখেন গুরুণাপি বিচাল্যতে’ -- নৈষ প্রাপ্তবান্ তৎপদবীমিতি মত্ত্বা করুণাদৃষ্ট্যা দ্রষ্টব্যোহয়মিতি।^৩ প্রভুর ইচ্ছায় এখনও নামযশের ইচ্ছা হৃদয়ে আসে নাই, বোধ হয় আসিবেও না। আমি যন্ত্র, তিনি যন্ত্রী। তিনি এই যন্ত্রদ্বারা সহস্র সহস্র হৃদয়ে এই দূরদেশে ধর্মভাব উদ্দীপিত করিতেছেন। সহস্র সহস্র নরনারী এদেশে আমাকে অতিশয় স্নেহ প্রীতি ও ভক্তি করে, আর শত শত পাত্রী ও গোঁড়া ক্রিশ্চান শয়তানের সহোদর মনে করে। মূকং করোতি বাচালং পঙ্গুং লজ্জয়তে গিরিম,^৪ আমি তাঁহার কৃপায় আশ্চর্য। যে শহরে যাই, তোলপাড় হয়। এরা আমার নাম দিয়াছে -- Cyclonic Hindu,^৫ তাঁর ইচ্ছা মনে রাখিও -- I am a voice without a form (আমি অমূর্ত বাণী)।

ইংলন্ডে যাব কি যমল্যাণ্ডে, প্রভু জানেন। তিনি সব যোগাড় করে দেবেন। এদেশে একটা চুরুটের দাম এক টাকা, একবার ঠিকাগাড়ি চড়লে ৩ টাকা, একটা জামার দাম ১০০ টাকা। ৯ টাকা রোজ হোটেল -- প্রভু সব যুগিয়ে দেন। এদেশের সব বড় বড় লোকের বাড়িতে যত্ন করে নিয়ে যাচ্ছে। উত্তম খাওয়া-পরা

^১ তোমাদের ন্যায় মহাত্মাগণের তাহার কথা উপেক্ষা করা উচিত। আমরা রামকৃষ্ণতনয়, তাঁহার হৃদয়ের রক্ত দিয়া তিনি আমাদের পুষ্টি করিয়াছেন, আমরা সামান্য পোকার কামড়ে ভয় পাইব? ‘মন্দবুদ্ধি ব্যক্তিগণ মহাত্মাগণের অসাধারণ ও যাহার কোন কারণ সহজে নির্দেশ করিতে পারা যায় না, এইরূপ আচরণের নিন্দা করিয়া থাকে।’ (কুমারসম্ভব) -- ইত্যাদি স্মরণ করিয়া এই মজুমদার নামক ব্যক্তিকে ক্ষমা করা উচিত।

^২ আমি অমূর্ত (বা অশরীরী) বাণী হইতে চাই।

^৩ তাঁহার প্রভাববিস্তারের গতিতে বাধা দিবার বা সাহায্য করিবার আমি কে? হরমোহন প্রভৃতিই বা কে? তথাপি তাহাদের প্রতি আমার হৃদয় হইতে কৃতজ্ঞতা জানাইতেছি। ‘যে অবস্থা লাভ হইলে লোক গুরুতর দুঃখেও বিচলিত হয় না’ (গীতা) -- সেই অবস্থা এ ব্যক্তি এখনও লাভ করে নাই মনে করিয়া ইহার প্রতি সদয় দৃষ্টি দেওয়া উচিত।

^৪ বোবাকে বাকশক্তিসম্পন্ন ও খোঁড়াকে পর্বত লঙ্ঘন করিতে সমর্থ করে।

^৫ বাঞ্চসদৃশ হিন্দু।

সব আসছে -- জয় প্রভু, আমি কিছু জানি না। ‘সত্যমেব জয়তে নানৃতং সত্যেন পহ্না বিততো দেবযানঃ’^৬ ‘বিগতভীঃ’ হওয়া চাই। কাপুরুষে ভয় করে, আত্মসমর্পন করে। কেহ যেন আমাকে সমর্পন করিতে অগ্রসর না হয়। মাদ্রাজের খবর সব আমি মধ্যে মধ্যে পাই ও রাজপুতানার। ‘ইন্ডিয়ান মিরর’ উদোর পিন্ডি বুধোর ঘাড়ে দিয়ে আমাকে অনেক ঠাট্টা করেছে -- কার কথা দিয়ে! সব খবর পাচ্ছি। আর দাদা -- এমন চক্ষু আছে, যা ৭০০০ ক্রোশ দূরে দেখে -- এ কথা সত্য বটে। চুপে যেও, কালে কালে সব বেরুবে -- যতটুকু তাঁর ইচ্ছা। তাঁর একটা কথাও মিথ্যে হয় না। দাদা, কুকুর-বেড়ালের ঝগড়া দেখে মানুষে কি দুঃখ করে? তেমনি সাধারণ মানুষের ঈর্ষা হিংসা গুঁতাগুঁতি দেখে তোমাদের মনে কোন ভাব হওয়া উচিত নয়। দাদা, আজ ছমাস থেকে বলছি যে, পর্দা হঠাৎ সূর্যোদয় হচ্ছে। পর্দা উঠছে -- উঠছে ধীরে ধীরে, slow but sure (ধীরে কিন্তু নিশ্চিত), কালে প্রকাশ। তিনি জানেন -- ‘মনের কথা কইব কি সই, কইতে মানা।’ দাদা, এ সব লিখিবার নহে, বলিবার নহে। আমার পত্র অন্য কেউ যেন না পড়ে, তোমরা ছাড়া। হাল ছেড় না, টিপে ধরে থেক -- পাকড় ঠিক বটে, তাতে আর ভুল নাই -- তবে পারে যাওয়া আজ আর কাল -- এই মাত্র। দাদা, leader (নেতা) কি বানাতে পারা যায়? Leader জন্মায়। বুঝতে পারলে কিনা? লিডারি করা আবার বড় শক্ত -- দাসস্য দাসঃ, হাজারো লোকের মন যোগান। Jealousy, selfishness (ঈর্ষা, স্বার্থপরতা) আদপে থাকবে না -- তবে leader. প্রথম by birth (জন্মগত), দ্বিতীয় unselfish (নিঃস্বার্থ), তবে leader. সব ঠিক হচ্ছে, সব ঠিক আসবে, তিনি ঠিক জাল ফেলছেন, ঠিক জাল গুটাচ্ছেন -- বয়মনুসরামঃ বয়নুসরামঃ, প্রীতিঃ পরমসাধনম^৭ বুঝলে কি না? Love conquers in the long run,^৮ দিক্ হলে চলবে না -- wait, wait (অপেক্ষা কর, অপেক্ষা কর); সবুরে মেওয়া ফলবেই ফলবে। যোগেনের কথা কিছুই লেখ নাই। রাখাল-রাজা ঘুরে ফিরে পুনর্বন্দাবনং গচ্ছেদিতি।...

তোমায় বলি ভায়া, যেমন চলছে চলতে দেও, তবে দেখো কোন form (বাহ্য অনুষ্ঠানপদ্ধতি) যেন necessary (একান্ত আবশ্যিক) না হয়, unity in variety (বহুত্বে একত্ব) -- সর্বজনীন ভাবের যেন কোনমতে ব্যাঘাত না হয়। Everything must be sacrificed, if necessary, for that one sentiment universality.^৯ আমি মরি আর বাঁচি, আর দেশে যাই বা না যাই, তোমরা বিশেষ মনে রাখবে যে, সর্বজনীনতা -- perfect acceptance, not tolerance only, we preach and perform. Take care how you trample on the least rights of others.^{১০} ঐ দিয়ে বড় বড় জাহাজ ডুবি হয়ে যায়। পূর্ণ ভক্তি গোঁড়ামি ছাড়া -- এইটি দেখাতে হবে, মনে রেখো। তাঁর কৃপায় সব ঠিক চলবে। মঠ কেমন চলছে, উৎসব কেমন হল, গোপাল -- বুড়ো ও ছটকো কোথায় কেমন, গুপ্ত কোথায় কেমন -- সব লিখবে। মাস্টার কি বলে? ঘোষজা কি বলে? রামদাদা ঠাণ্ডা ভাব পেয়েছে কি না? দাদা, সকলের ইচ্ছে যে leader (নেতা) হয়, কিন্তু সে যে জন্মায় -- ঐটি বুঝতে না পারাতেই এত অনিষ্ট হয়। প্রভুর কৃপায় রামদাদা শীঘ্রই ঠাণ্ডা হবে ও বুঝতে পারবে। তাঁর কৃপা কাউকে ছাড়বে না। জি. সি. ঘোষ কি করছে?

^৬ সত্যেরই জয় হয়, মিথ্যার কখনও জয় হয় না; সত্যবলেই দেবজানমার্গ লাভ হয় -- (মুন্ডকোপনিষদ)। বেদান্তমতে মৃত্যুর পর যে বিভিন্ন গতি হয়, তন্মধ্যে দেবযানের দ্বারা গতি শ্রেষ্ঠ গতি। অরণ্য উপাসনা ও ভিক্ষাপরায়ণ নিষ্কাম সন্ন্যাসিগণেরই এই গতি হয়।

^৭ আমরা কেবল তাঁহার অনুসরণ করিব -- প্রীতিই পরম সাধন।

^৮ আখেরে প্রেম জয়ী হইয়া থাকে।

^৯ প্রয়োজন হয়, তবে সেই একটি ভাব -- ‘সর্বজনীনতা’ রক্ষার জন্য সমস্তই ছাড়িতে হইবে।

^{১০} সকল ধর্মকে সত্য বলিয়া গ্রহণ, কেবল পরধর্মসহিষ্ণুতা নহে -- ইহাই আমরা প্রচার করি এবং কার্যেও পরিণত করি। বিশেষ সাবধান, যেন অপরের ক্ষুদ্রতম অধিকারও পদদলিত করিও না।

আমাদের মাতৃকাগণ বেঁচে বর্তে আছে তো? গৌর-মা কোথা? এক হাজার গৌর-মার দরকার -- ঐ noble stirring spirit (মহান ও উদ্দীপনাময় ভাব)। যোগেন মা প্রভৃতি সকলে ভাল আছে বোধ হয়। ভায়া, আমার পেটটা এমন ফুলছে যে, কালে বোধ হয় দরজা টরজা কাটতে হবে। মহিম চক্রবর্তী কি করছে? তার ওখানে যাওয়া-আসা করিবে। লোকটা ভাল। আমরা সকলকে চাই -- It is not at all necessary that all should have the same faith in our Lord as we have, but we want to unite all the powers of goodness against all the powers of evil,^{১১} মহেন্দ্র মাস্টারকে request from me (আমার তরফ থেকে অনুরোধ কর)। He can do it (তিনি এটা করতে পারবেন)। আমাদের একটা বড় দোষ -- সন্ন্যাসের গরিমা। ওটা প্রথম প্রথম দরকার ছিল, এখন আমরা পেকে গেছি, ওটার আবশ্যিক একেবারেই নাই। বুঝতে পেরেছ? সন্ন্যাসী আর গৃহস্থে কোন ভেদ থাকবে না, তবে যথার্থ সন্ন্যাসী। সকলকে ডেকে বুঝিয়ে দেবে -- মাস্টার, জি. সি. ঘোষ, রামদা, অতুল আর আর সকলকে নিমন্ত্রণ করে যে, ৫।৭টা ছোঁড়াতে মিলে, যাদের এক পয়সাও নাই, একটা কার্য আরম্ভ করলে -- যা এখন এমন accelerated (ক্রমবর্ধমান) গতিতে বাড়তে চলল -- এ হুজুক, কি প্রভুর ইচ্ছা? যদি প্রভুর ইচ্ছা, তবে তোমরা দলাদলি jealousy (ঈর্ষ্যা) পরিত্যাগ করে united action (সমবেতভাবে কার্য) কর। Shameful (লজ্জার কথা), আমরা universal religion (সর্বজনীন ধর্ম) করছি দলাদলি করে। যদি গিরিশ ঘোষ, মাস্টার আর রামবাবু এটি করতে পারে, তবে বলি বাহাদুর আর বিশ্বাসী, নইলে মিছে nonsense (বাজে)।

সকলে যদি একদিন এক মিনিট বোঝে যে, আমি বড় হব বললেই বড় হওয়া যায় না, যাকে তিনি তোলেন সে ওঠে, যাকে তিনি নিচে ফেলেন সে পড়ে যায়, তাহলে সকল ন্যাটা চুকে যায়। কিন্তু ঐ যে ‘অহং’ -- ফাঁকা ‘অহং’ -- তার আবার আঙ্গুল নাড়বার শক্তি নাই, কিন্তু কাউকে উঠতে দেবে না -- বললে কি চলে? ঐ jealousy (ঈর্ষ্যা), ঐ absence of conjoined action (সঙ্ঘবদ্ধভাবে কার্য করিবার শক্তির অভাব) গোলামের জাতের nature (স্বভাব); কিন্তু আমাদের বোড়ে ফেলতে চেষ্টা করা উচিত। ঐ terrible jealousy characteristic (ভয়ানক চারিত্রিক বিশেষত্ব ঈর্ষ্যা), আমাদের, বিশেষ বাঙালীর কারণ, we are the most worthless and superstitious and the most cowardly and lustful of all hindus.^{১২} পাঁচটা দেশ দেখলে ঐটি বেশ করে বুঝতে পারবে। আমাদের সমাজ এই গুণে এদের স্বাধীনতাপ্রাপ্ত কান্দীরা -- যদি তাদের মধ্যে একজনও বড় হয়, অমনি সবগুলোয় পড়ে তার পিছু লাগে -- white (শ্বেতাঙ্গ)দের সঙ্গে যোগ দিয়ে তাকে পেড়ে ফেলবার চেষ্টা করে। আমরাও ঠিক ঐ রকম। গোলাম কীটগুলো, এক পা নড়বার ক্ষমতা নাই -- স্ত্রীর আঁচল ধরে তাস খেলে গুড়ুক ফুঁকে জীবনযাপন করে, আর যদি কেউ ঐগুলোর মধ্যে এক পা এগোয়, সবগুলো কেঁউ কেঁউ করে তার পিছু লাগে -- হরে হরে।

At any cost, any price, any sacrifice (ওর জন্য যতই ত্যাগ ও কষ্ট স্বীকার করতে হোক) ঐটি আমাদের ভিতরে না ঢোকে -- আমরা দশজন হই, দুজন হই do not care (কুছ পরোয়া নেই), কিন্তু ঐ কয়টা perfect characters (সর্বাঙ্গসম্পূর্ণ চরিত্র) হওয়া চাই। আমাদের ভিতর যিনি

^{১১} আমাদের মতো সকলেরই যে ঠাকুরের উপর সমান বিশ্বাস থাকিবে, এমন কিছুমাত্র প্রয়োজন নাই, কিন্তু আমরা জগতের সমুদয় অশুভ শক্তির বিরুদ্ধে সমগ্র শুভ শক্তি সমবেত করিতে চাই।

^{১২} হিন্দুগণের ভিতর আমরাই সবচেয়ে অপদার্থ কুসংস্কারাচ্ছন্ন, কাপুরুষ ও কামুক।

পরস্পরের গুজুগুজু নিন্দা করবেন বা শুনবেন, তাকে সরিয়ে দেওয়া উচিত। ঐ গুজুগুজু সকল নষ্টের গোড়া -- বুঝতে পারছ কি? হাত ব্যাথা হয়ে এল ... আর লিখতে পারি না। ‘মাজনা ভালা না বাপসে যব রঘুবীর রাখে টেক্’। রঘুবীর টেক্ রাখবেন দাদা -- সে বিষয় তোমরা নিশ্চিত থেকে। বাঙলা দেশে তাঁর নাম প্রচার হল বা না হল, তাতে আমার অণুমাত্র চেষ্টা নাই -- ওগুলো কি মানুষ! রাজপুতানা, পাঞ্জাব, N.W. (উত্তর-পশ্চিম) প্রদেশ,^{১০} মাদ্রাজ -- ঐ সকল দেশে তাঁকে ছড়াতে হবে। রাজপুতানায় যেখানে ‘রঘুকুলরীতি সদা চলি, আঈ। প্রাণ জাঈ বরু বচন ন জাঈ।।’ -- এখনও বাস করে।

পাখি উড়তে উড়তে এক জায়গায় পৌঁছায়, যেখান থেকে অত্যন্ত শান্তভাবে নিচের দিকে দেখে। সে জায়গায় পৌঁছেছে কি? যিনি সেখানে পৌঁছান নাই, তাঁর অপরকে শিক্ষা দিবার অধিকার নাই। হাত পা ছেড়ে দিয়ে ভেসে যাও -- ঠিক পৌঁছে যাবে।

ঠান্ডার পো ধীরে ধীরে পালাচ্ছেন -- শীতকাল কাটিয়ে দেওয়া গেল। শীতকালে এ দেশে সর্বাঙ্গে electricity (তড়িৎ) ভরে যায়। Shake-hand (করমর্দন) করতে গেলে shock (ধাক্কা) লাগে আর আওয়াজ হয় -- আঙুল দিয়ে গ্যাস জ্বালান যায়। আর শীতের কথা তো লিখেছি। সারা দেশটা দাবড়ে বেড়াচ্ছি, কিন্তু চিকাগো আমার ‘মঠ’ -- ঘুরে ফিরে আবার চিকাগোয় আসি। এখন পূর্ব-দিকে যাচ্ছি, কোথায় যে বেড়া পাবে লাগবে, তিনি জানেন। মা-ঠাকরুন দেশে গেছেন; তাঁর শরীর বোধ হয় সম্পূর্ণ স্বাস্থ্যলাভ করেছে।

তোমাদের কি করে চলছে, কে চালাচ্ছে? রামকৃষ্ণ,^{১৪} তার মা, তুলসীরাম প্রভৃতি বোধ হয় উরিষ্যায়?

দমদম মাস্টার কেমন আছে? দাশুর তোমাদের উপর সেই প্রীতি আছে কিনা? সে ঘন ঘন আসে কিনা? ভবনাথ কেমন আছে, কি করছে? তোমরা তার কাছে যাও কি না -- তোমরা তাকে শ্রদ্ধা ভক্তি কর কি না? হাঁ হে বাপু, সন্ন্যাসী-ফন্ন্যাসী মিছে কথা -- মুকং করোতি, ইত্যাদি। বাবা, কার ভেতর কি আছে, বুঝা যায় না। তিনি ওকে বড় করেছেন -- ও আমাদের পূজ্য। এত দেখে শুনেও যদি তোমাদের বিশ্বাস না হয়, ধিক তোমাদের! ভবনাথ তোমাদের ভালবাসে কিনা? তাকে আমার আন্তরিক শ্রদ্ধা প্রীতি ও ভালবাসা দিও। কালীকৃষ্ণবাবুকে আমার ভালবাসা দিও -- তিনি অতি উন্নতচিত্ত ব্যক্তি। রামলাল কেমন আছে? তার একটু বিশ্বাস ভক্তি হয়েছে কিনা? তাকে আমার প্রীতিসম্ভাষণ দিও। সাভেল ঘানিতে ঠিক ঘুরছে বোধ হয়, ঐর্ষ্য ধরিতে কহিবে -- ঘানি ঠিক যাবে। সকলকে আমার হৃদয়ের প্রীতি।

অনুরাগৈকহৃদয়ঃ

নরেন্দ্র

পুঃ -- মা-ঠাকুরানীকে তাঁহার জন্মজন্মান্তরের দাসের পুনঃপুনঃ ধূল্যবলুষ্ঠিত সাষ্টাঙ্গ দিবে -- তাঁহার আশীর্বাদে আমার সর্বতোমঙ্গল। ইতি

^{১০} বর্তমান U.P. (উত্তর প্রদেশ)

^{১৪} বলরাম বসুর পুত্র